কালের কণ্ঠ

তারিখ ... 05 OCT 2017 ...
পৃষ্ঠা ... ১৩ ... কলাম ... ৪ ...

### শিক্ষা ক্যাডার মর্যাদা রক্ষা কমিটির দাবি

# আত্তীকৃত কলেজ শিক্ষকদের ক্যাডারবহির্ভূত রাখতে হবে

**নিজস্ব প্রতিবেদক ▷**

নতুন কোনো কলেজ জাতীয়করণ করার আগেই কলেজশিক্ষকদের ক্যাডারবহির্ভূত রেখে তাঁদের নিয়োগ, পদায়ন ও পদোন্নতিসংক্রান্ত আলাদা বিধিমালা প্রণয়নের দাবি জানিয়েছে 'বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার মর্যাদা রক্ষা কমিটি'। গতকাল বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়েছে।

কমিটির পক্ষে বলা হয়, শিক্ষা ক্যাডার বর্তমানে সংকটাপন্ন। ক্যাডার সার্ভিসসংক্রান্ত সব নিয়ম-নীতি ভঙ্গ করে ইতিপূর্বে জাতীয়করণকৃত কলেজশিক্ষকদের ক্যাডারভুক্তির ফলে সরাসরি বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ক্যাডার কর্মকর্তারা চরমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। সম্প্রতি প্রতিটি উপজেলায় একটি করে কলেজ সরকারীকরণের প্রক্রিয়া শুরু হয়েছে। আগের মতো ঢালাওভাবে ওই সব কলেজশিক্ষকদের ক্যাডারভুক্তির প্রচেষ্টা লক্ষণীয়। এ বাস্তবতায় বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা উদ্বিগ্ন।

সংবাদ সম্মেলনে আরো বলা হয়, জাতীয়করণের আগে শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের স্বার্থ সংরক্ষিত রেখে নতুন বিধিমালা প্রণয়নের নির্দেশনা রয়েছে। কিন্তু জাতীয় সংসদে শিক্ষানীতি অনুমোদনের কয়েক বছরেও কোনো নীতিমালা হয়নি। বিধিমালা প্রণয়ন ব্যতীত জাতীয়করণের আদেশ জারি ও ক্যাডারভুক্তকরণ জাতীয় শিক্ষানীতি তথা সরকারের গৃহীত নীতির পরিপন্থী।